গুলশানে বিএনপি মহাসচিবের সঙ্গে জার্মান রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

বাংলাদেশে নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লোটজ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। বৈঠকে দুই দেশের পারস্পরিক সম্পর্ক ও সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা হয়।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) সকাল ১০টায় গুলশানে বিএনপি চেয়ারপারসনের অফিসে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লোটজ।

সাক্ষাতে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক, গণতান্ত্রিক প্রক্রিয়া এবং বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে মতবিনিময় হয়।

বৈঠকে উপস্থিত ছিলেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী, বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ।

LENS ASIA